# অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(১) ধারা মোতাবেক
# অর্থঋণ আদালত, মৌলভীবাজার

অর্থঋণ জারী মোকদ্দমা নং ৬৭/২০১৭
(অর্থঋণ মোকদ্দমা নং ০৩/২০১১ইং)

প্রাইম ব্যাংক লি: শ্রীমঙ্গল শাখা, ডাক, থানা: শ্রীমঙ্গল, জেলা: মৌলভীবাজার।..............................ডিক্রীদার।

**বনাম**

১। মো: নজরুল ইসলাম উং নুরুল ইসলাম উং নুর ইসলাম, পিতা: মৃত মো: আপ্তাব মিয়া, প্রোঃ মেসার্স ইমন পোল্ট্রি হাউজ, ২নং মো: আব্দুল মোমিন উং আব্দুল মোমেন, পিতা: মৃত মো: আপ্তাব মিয়া, ৩নং মোছা: মমতা বেগম, পিতা: মৃত মো: আপ্তাব মিয়া, ৪নং মোছা: ছাইফা বেগম, স্বামী: মৃত মো: আপ্তাব মিয়া, সর্ব স্থায়ী ঠিকানা: চানপুর, ডাক ও থানা ও জেলা: হবিগঞ্জ, হাল সর্ব সাকিন: দর্জিরকুল, ডাক কালীঘাট, থানা: শ্রীমঙ্গল, জেলা; মৌলভীবাজার।.......................দায়িকানগন।

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপরে বর্নিত দায়িকানগনের নিকট হইতে ডিক্রীদার প্রাইম ব্যাংক লি: এর বিগত ০৭/০৩/২০১৭ ইং তারিখ হইতে জারী মামলা দায়ের পর্যন্ত ৫৭,৬০,৯২৯.৮০ (সাতান্ন লক্ষ ষাট হাজার নয়শত ঊনত্রিশ টাকা আশি পয়সা) টাকা আদায়ের লক্ষ্যে উপরে বর্নিত দায়িক পক্ষগন কর্তৃক বন্ধককৃত নিম্ন তপশীলভুক্ত স্থাবর সম্পত্তি ও তদউপরিস্থিত স্থাপনা আগামী ১৮/৯/২৫ইং তারিখে বিকাল ৪ ঘটিকার মধ্যে আগ্রহী নীলাম ক্রেতাগনের নিকট হইতে সীল মোহরকৃত নীলাম দরপত্র আহবান করা যাইতেছে।

১। আগামী ১৮/৯/২৫ইং তারিখে বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রিজেষ্ট্রি ডাকযোগে অত্র আদালতে রক্ষিত দরপত্র গ্রহণের বাক্সে দরপত্র দাখিল করিতে হইবে। দরদাতাগন বা তাহাদের প্রতিনিধির (যদি কেহ উপস্থিত থাকেন) এবং সম্মুখে উক্ত তারিখে বিকাল ৪:০১ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হইবে।

২। নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া নিলাম দরপত্র সীলমোহরকৃত খামে দাখিল করিতে হইবে।

৩। নিলাম দরপত্রের সহিত নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।

৪। দরপত্র দাতা এক বা একাধিক তপশীলের জন্য দরপত্র দিতে পারিবে। তবে একই তপশীলের জন্য আংশিক দরপত্র গ্রহনযোগ্য হইবে না।

৫। প্রত্যেকে দরদাতা কর্তৃক উদ্ধৃত দর ১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকা হইবে, উহার শতকরা ২০% উদ্ধৃত দর ১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/= (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এর সম পরিমান টাকার জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার অর্থবান আদালত মৌলভীবাজার এর অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৬। অনুদ্ধ ১০,০০,০০০/= টাকার উদ্ধৃত দর গৃহিত হইবার পরবর্তী ৩৯ (ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/= টাকার অধিক এবং অনুর্দ্ধ ৫০,০০,০০০/= পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহিত হইবার ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/= পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহিত হইবার ৯০ নব্বই দিবসের মধ্যে দরদাতা সমুদয় মুল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে অর্থঋন আদালত জামানতের টাকা বাজেয়াপ্ত করিবে।

৭। দরপত্রের বন্ধকীকৃত প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিক অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে উপরে বর্নিত ক্রমিক নং ৪ ও ৫ এ বর্নিত শর্ত ভংগ করিলে দরপত্র বাতিল হইবে।

৮। তপশীলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী আধা সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথাসিটি কর্পোরেশন ওয়াসা পিডিবি গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান ভূমি উন্নয়ন কর ইত্যাদি অন্য কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা পরিশোধের কোন দায় দায়িত্ব ডিক্রীদার বা ব্যাংকের উপর বর্তাইবে না প্রস্তুতকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করিতে হইবে।

৯। উপরে বর্নিত ক্রমিক ৬ এর অধীনে প্রথম দরপত্র দাতা জামানতের টাকা বাজেয়াপ্ত হইলে উহার অর্থ আদালতে ডিক্রীদারকে প্রদান পূর্বক ডিক্রীকৃত দাবীর সহিত উক্ত অর্থ সমন্বয় করিবে এবং আদালত ২য় সর্বোচ্চ দরপত্র দাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে আদালত অর্থঋন আদালত আইন ২০০৩ এর ধারা ৩৩ (৩) অনুযায়ী দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলামে খরিদ করিতে আহব্বান করিবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা উদ্ধৃত হইবার উক্ত আইনের উপধারা (২ঘ) এর নির্ধারিত সময় সীমানার মধ্যে সম্পূর্ন মুল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত ঋন ডিক্রীদারকে ডিক্রীর দাবীর সহিত সমন্বয় করিবার জন্য প্রদান করা হইবে।

১০। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির গুনমান পরিমাণ ও অবস্থা সম্পর্কে কোন আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

১১। দরপত্র গৃহিত না হইলে জামানতের টাকা যথা সময়ে ফেরত দেওয়া হইবে।

১২। কোন প্রকার কারন দর্শানো ব্যতিরেখে কর্তৃপক্ষ যেকোন দরপত্র গ্রহন বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করেন।

১৩। সম্পত্তি রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও অন্যান্য ক্রেতাকে বহন করিতে হইবে।

১৪। আইনের বিধান মতে ঋনের বিপরীতে দায়বদ্ধ সম্পত্তির দখল ক্রেতা অনুকূলে সমর্পনের ব্যবস্থা গ্রহন করা হইবে।

**"বন্ধকী সম্পত্তির তপশীল"**

১। **জেলা: মৌলভীবাজার, থানা: শ্রীমঙ্গল, মৌজা: রামনগর, জে.এল.নং ৬৯।**

এস.এ. খতিয়ান নং-১৫৪, সাবেক নামজারী খতিয়ান নং-১৫৪/১, বর্তমান নামজারী খতিয়ান নং ১৫৪/২ ও ১৫৪-$\frac{১}{২}$ আর.এস (হাল) মাঠ খতিয়ান নং- ৫৬৩ ও ৫৬৪, আর.এস (হাল) ডি.পি. খতিয়ান নং ৪৫২, ৪৫৪, ৪৬৭, এস.এ. দাগ নং-৭৮৬, আর.এস (হাল) দাগ নং-১১৭১।

চৌহদ্দা: উত্তরে-ঐ একই দাগের ভূমি, কনর মিয়ার ওয়ারিশান মতিন মিয়া গং, দক্ষিণে ঐ একই দাগের ভূমি, খরিদ সূত্রে আব্দুল বাসিত, পূর্বে এস.এ. ৭৯১ ও ৭৯২ দাগের ভূমি নজরুল ইসলাম গং, পশ্চিমে এস.এ. ৭৮৫ দাগ লায়লী বেগম। ইহাতে সাইল রকম জমির পরিমাণ ১৫৮ শতক।

২। **জেলা: মৌলভীবাজার, থানা: শ্রীমঙ্গল, মৌজা: রামনগর, জে,এল, নং-৬৯।**

এস.এ. খতিয়ান নং-১৫৪, সাবেক নামজারী খতিয়ান নং-১৫৪/১, বর্তমান নামজারী খতিয়ান নং ১৫৪/২, ১৫৪-$\frac{১}{২}$, আর.এস (হাল) মাঠ খতিয়ান নং-৫৬৩ ও ৫৬৪, আর.এস. (হাল) ডি.পি. খতিয়ান নং ৪৫২, ৩৫৪, ৪৬৭, এস.এ. দাগ নং-৭৯১, আর.এস. (হাল) দাগ নং-১১৬৪।

চৌহদ্দা: উত্তরে- সুবল দেব নাথ গং, দক্ষিনে- এস.এ. ৭৯২ দাগ নজরুল ইসলাম, পূর্বে- এস.এ. দাগ নং-৮২০, নজরুল ইসলাম গং, পশ্চিমে- এস.এ. ৭৮৬, নজরুল ইসলাম গং। ইহাতে চারা রকম জমির পরিমান ৩৬ শতক। একুনে মোট মোয়াজিঃ (১৫৮+৩৬)= ১৯৪ শতক ভূমি।

আদালতের অনুমত্যসারে
সেরেস্তাদার
অর্থঋণ আদালত, মৌলভীবাজার ও
যুগ্ম জেলা জজ ১ম আদালত, মৌলভীবাজার

Size: 3 col. x 11 inch